Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা– ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯



## নয়া দিগন্ত



১ জুলাই ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস উদযাপন উপলক্ষে এক সভায় বক্তব্য রাখছেন ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান

### ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস উদযাপিত হবে ১ জুলাই

ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস উদযাপন করা হবে আগামী ১ জুলাই। এ বছর দিবসটির প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে 'বৈষম্যহীন ও অন্তর্ভুক্তিমূলক সমাজ বিনির্মাণে ঢাকা বিশ্ববিদ্যালয়।' গতকাল ভিসি অফিস সংলগ্ন অধ্যাপক আবদুল মতিন চৌধুরী ভার্চুয়াল ক্লাস রুমে অনুষ্ঠিত এক সভায় দিবসটি উদযাপন উপলক্ষে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান সভায় সভাপতিত্ব করেন। উল্লেখ্য, ১৯২১ সালের ১ জুলাই ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম শুরু হয়েছিল। সভায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রোভিসি (প্রশাসন) ■ ১১ পৃ: ৪-এর কলামে

### ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস উদযাপিত

৩য় পৃষ্ঠার পর

অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম জাহাঙ্গীর আলম চৌধুরী, প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মুনসী শামস উদ্দিন আহম্মদসহ বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন হলের প্রাধ্যক্ষ, সিনেট ও সিন্ডিকেট সদস্যরা, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান এবং অফিস প্রধানরা উপস্থিত ছিলেন।

সভার সিদ্ধান্ত অনুযায়ী, আগামী ১ জুলাই সকাল ৯টা ৩০ মিনিটে ভিসি ভবন সংলগ্ন স্মৃতি চিরন্তন চত্বরে শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীরা জমায়েত হবেন। সেখান থেকে সকাল ৯টা ৪৫ মিনিটে ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের নেতৃত্বে এক বর্ণাঢ্য শোভাযাত্রা বের করা হবে। শোভাযাত্রাটি ছাত্র-শিক্ষক কেন্দ্রের সম্মুখস্থ পায়রা চত্বরে গিয়ে শেষ হবে। সকাল ১০টায় পায়রা চত্বরে জাতীয় পতাকা, ঢাকা বিশ্ববিদ্যালয় ও হলগুলোতে পতাকা উত্তোলন করা হবে। এ সময় জাতীয় সঙ্গীত, ঢাকা বিশ্ববিদ্যালয়ের থিম সং ও উদ্বোধনী সঙ্গীত পরিবেশন করা হবে। সকাল ১০টা ৩০ মিনিটে ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের সভাপতিত্বে 'বৈষম্যহীন ও অন্তর্ভুক্তিমূলক সমাজ বিনির্মাণে ঢাকা বিশ্ববিদ্যালয়' শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হবে।

দিবসটি উপলক্ষে একটি বিশেষ স্মরণিকা প্রকাশ করা হবে। এ ছাড়া বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন প্রবেশদ্বারে তোরণ নির্মাণ এবং গুরুত্বপূর্ণ ভবন ও স্থাপনাগুলোতে আলোকসজ্জা করা হবে। বিজ্ঞপ্তি।

## The Country Today



### DU Day to be celebrated on July 1

DU Correspondent

The University of Dhaka Day will celebrated on July 1, 2025. This year, the theme of the celebration is "University of Dhaka in Building an Equitable and Inclusive Society.

A meeting was held at the Professor Abdul Matin Chowdhury Virtual Classroom adjacent to the Office of the Vice-Chancellor, where various programs were adopted to mark the day on Tuesday. The meeting was chaired by the Vice-Chancellor of the University of Dhaka, Prof. Dr. Niaz Ahmed Khan. It is mentioned that the academic activities of the University of Dhaka began on July 1, 1921. Pro-Vice Chancellor (Admin) Prof Dr. Saima Haque Bidisha, Treasurer Prof Dr. M. Jahangir Alam Chowdhury, Proctor Associate Prof Saifuddin Ahmed, Acting Registrar Munshi Shams Uddin Ahmed, along with deans of various faculties, provosts of different halls, members of the Senate and Syndicate, department chairpersons, and heads of offices.

# The Country Today

## New trust fund formed for DU students' scholarships

**DU Correspondent**

A new trust fund titled 'Dr. A H M Karim and Hosne Ara Begum Trust Fund' has been established to provide scholarships to the students admitted to the 1st year undergraduate program of the Department of Development Studies at Dhaka University.

To establish this trust fund, Syed Abdullah Al Muti, son-in-law of Dr. A H M Karim and Hosne Ara Begum, handed over a cheque of 10 lakh taka to Dhaka University Vice-Chancellor Professor Dr. Niaz Ahmed Khan on Tuesday. Present at the occasion were Pro-Vice Chancellor (Admin) Prof Dr. Sayma Haque Bidisha, Treasurer Prof Dr. M. Jahangir Alam Chowdhury, Dean of the Faculty of Social Sciences Prof Dr. Taiyebur Rahman, Chairperson of the Department of Development Studies Prof Dr. Nayeem Sultana, Prof Dr. M. Saiful Islam, Acting Registrar Munshi Shams Uddin Ahmed, and donor family members Md. Shafiqul Rahman and Syeda Sima Akter.



Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯



## The Country Today



# Week-long art exhibition on 'Face of Life' begins at DU

**DU Correspondent**

A week-long solo art exhibition titled 'Face of Life' by renowned sculptor and former student of the Sculpture Department of Dhaka University, Aminul Islam Ashik, began yesterday, Monday at Zainul Gallery of the Faculty of Fine Arts, University of Dhaka. The exhibition was inaugurated in the evening at the Osman Jamal Auditorium of the Faculty of Fine Arts by Professor Dr. Mamun Ahmed, Pro-Vice Chancellor (Education) of Dhaka University, as the chief guest. Professor Dr. Md. Azharul Islam Sheikh, Dean of the Faculty of Fine Arts; honorary professor of the Sculpture Department Md. Hamiduzzaman Khan; and internationally renowned artist and founder of Britto Arts Trust, Mahbubur Rahman, were present as special guests and delivered speeches at the event. Faculty members and students of the Sculpture Department also attended the inauguration.

## দৈনিক বর্তমান

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'ফেইস অফ লাইফ' শীর্ষক সপ্তাহব্যাপী শিল্পকর্ম প্রদর্শনী শুরু

**ঢাবি প্রতিনিধি**



ঢাকা বিশ্ববিদ্যালয় ভাস্কর্য বিভাগের প্রাক্তন শিক্ষার্থী ও বিশিষ্ট ভাস্কর আমিনুল ইসলাম আশিকের 'ফেইস অফ লাইফ (স্বধপব ড়ভ খরভব)' শীর্ষক একক শিল্পকর্ম প্রদর্শনী গতকাল ১৯ মে ২০২৫ সোমবার চারুকলা অনুষদের জয়নুল গ্যালারিতে শুরু হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ গতকাল সন্ধ্যায় চারুকলা অনুষদের ওসমান জামাল মিলনায়তনে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই প্রদর্শনীর উদ্বোধন করেন।

চারুকলা অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আজহারুল ইসলাম শেখ, ভাস্কর্য বিভাগের অনারারি অধ্যাপক মো. হামিদুজ্জামান খান এবং আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন শিল্পী ও বৃত্ত আর্ট ট্রাস্টের কর্ণধার শিল্পী মাহবুবুর রহমান অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। এসময় ভাস্কর্য বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ বলেন, এই প্রদর্শনীতে ভাস্কর আমিনুল ইসলাম আশিকের অনন্য ও সৃজনশীল বেশকিছু শিল্পকর্ম স্থান পেয়েছে। শিল্পীর চিন্তার গভীরতা ও কাজের বিশেষত্ব প্রতিফলিত হয়েছে এসব শিল্পকর্মে। এই প্রদর্শনী শিক্ষার্থী ও নবীন শিল্পীদের অনুপ্রেরণার উৎস হবে বলে তিনি আশাপ্রকাশ করেন।

কাঠ, ফাইবারগ্লাস ও লোহার উপকরণ দিয়ে নির্মিত ২৭টি ভাস্কর্য এবং ২০টি চিত্রকর্ম নিয়ে জয়নুল গ্যালারিতে এই প্রদর্শনীর আয়োজন করা হয়েছে। আগামী ২৫ মে ২০২৫ পর্যন্ত এই প্রদর্শনী চলবে। প্রতিদিন সকাল ১১টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত প্রদর্শনী সকলের জন্য উন্মুক্ত থাকবে।

## প্রথম আলো



শাহরিয়ার আলম হত্যার বিচার দাবিতে ছাত্রদল সড়ক অবরোধ করলে আশপাশের সড়কে সৃষ্টি হয় যানজট। গতকাল বিকেলে শাহবাগে। সাজিদ হোসেন

# শাহরিয়ার হত্যার বিচারের দাবিতে শাহবাগ অবরোধ

**ছাত্রদলের কর্মসূচি**

শাহরিয়ার আলম সাম্যর হত্যাকাণ্ডের এত দিন পরও কেন ঘটনার সিসিটিভি ফুটেজ সংগ্রহ করা যায়নি, সে প্রশ্ন তুলেছেন ছাত্রদলের নেতারা।

**প্রতিবেদক**, ঢাকা বিশ্ববিদ্যালয়



শাহরিয়ার আলম

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী শাহরিয়ার আলম সাম্য হত্যার বিচারের দাবিতে আবারও রাজধানীর শাহবাগ মোড় অবরোধ করে জাতীয়তাবাদী ছাত্রদল। গতকাল মঙ্গলবার বৃষ্টির মধ্যেই প্রায় পৌনে দুই ঘণ্টা শাহবাগ মোড় সড়ক অবরোধ করে রাখেন সংগঠনটির নেতা-কর্মীরা। এ কর্মসূচি থেকে আবারও ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও প্রক্টরের পদত্যাগ দাবি করেন তাঁরা।

প্রত্যক্ষদর্শীরা জানান, গতকাল বেলা সাড়ে তিনটার দিকে শাহবাগের সড়ক অবরোধ করেন ছাত্রদলের নেতা-কর্মীরা। অবরোধের কারণে শাহবাগ মোড় দিয়ে যান চলাচল বন্ধ হয়ে যায়। ছাত্রদলের কেন্দ্রীয় সভাপতি রাকিবুল ইসলাম ও সাধারণ সম্পাদক নাছির উদ্দীন ছাত্রদলের এ অবরোধ কর্মসূচির নেতৃত্ব দেন। শাহরিয়ার হত্যার বিচার দাবি করে বৃষ্টির মধ্যেই নানা স্লোগান ও বক্তব্য দেন ছাত্রদলের নেতা-কর্মীরা। তাঁরা শাহরিয়ারের প্রকৃত হত্যাকারীদের দ্রুত গ্রেপ্তার এবং যথাযথ বিচার দাবি করেন।

অবরোধে ছাত্রদলের বিপুলসংখ্যক নেতা-কর্মী 'বিচার বিচার বিচার চাই, সাম্য হত্যার বিচার চাই', 'কাতিল কাতিল, ভিসি প্রক্টর কাতিল', 'আমার ভাই মরলো কেন, ভিসি তুমি জবাব দে' প্রভৃতি স্লোগান দেন। বিকেল পৌনে পাঁচটার দিকে ছাত্রদলের নেতা-কর্মীরা শাহবাগের সড়ক ছেড়ে দিলে যান চলাচল স্বাভাবিক হয়।

শাহবাগের সড়ক ত্যাগ করার আগে ছাত্রদলের শীর্ষ নেতা নাছির উদ্দীন সাংবাদিকদের বলেন, 'বাংলাদেশে ছাত্রদলের আর কোনো নেতা-কর্মীর ওপর যদি আঘাত করা হয়, সাধারণ শিক্ষার্থীদের সঙ্গে নিয়ে দুর্বার আন্দোলন গড়ে তোলা হবে।' শিক্ষার্থীদের নিরাপত্তা দিতে ব্যর্থতার অভিযোগে অবিলম্বে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নিয়াজ আহমেদ খান ও প্রক্টর সাইফুদ্দিন আহমেদের পদত্যাগ দাবি করেন নাছির। পাশাপাশি শাহরিয়ার হত্যার এত দিন পরও কেন ঘটনার সিসিটিভি ফুটেজ সংগ্রহ করা যায়নি, সে প্রশ্নও তোলেন তিনি।

> ছাত্রদলের আর কোনো নেতা-কর্মীর ওপর যদি আঘাত করা হয়, সাধারণ শিক্ষার্থীদের সঙ্গে নিয়ে দুর্বার আন্দোলন গড়ে তোলা হবে।
>
> **নাছির উদ্দীন**, সাধারণ সম্পাদক, ছাত্রদল

শাহরিয়ার হত্যা মামলার তদন্তে 'গাফিলতি'র প্রতিবাদ এবং 'প্রকৃত' হত্যাকারীদের দ্রুত গ্রেপ্তার ও বিচারের দাবিতে গত রোববার বিকেলেও পৌনে দুই ঘণ্টা শাহবাগ মোড় অবরোধ করে ছাত্রদল। সে কর্মসূচি থেকেও ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও প্রক্টরের পদত্যাগ দাবি করেন ছাত্রদলের শীর্ষ নেতারা। শাহরিয়ারের হত্যাকারীদের গ্রেপ্তার ও বিচারে সরকারের সদিচ্ছার অভাব দেখা গেলে তাঁরা অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূসের বাসভবন যমুনা ঘেরাও করার হুঁশিয়ারি দিয়েছিলেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্যার এ এফ রহমান হল শাখা ছাত্রদলের সাহিত্য ও প্রকাশনা সম্পাদক শাহরিয়ার আলম সাম্য গত মঙ্গলবার রাতে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসসংলগ্ন সোহরাওয়ার্দী উদ্যানের মুক্তমঞ্চের পাশে দুর্বৃত্তের ছুরিকাঘাতে নিহত হন। তিনি বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটে মাস্টার্সের শিক্ষার্থী ছিলেন। এ ঘটনায় শাহরিয়ারের ভাই শরীফুল ইসলাম রাজধানীর শাহবাগ থানায় মামলা করেছেন। এ ঘটনায় পুলিশ তিনজনকে গ্রেপ্তার করেছে। আদালতের আদেশে ওই তিনজন এখন কারাগারে।